গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

স্মারক নং-৩০.০০.০০০০.০১৪.০৮.০০৭.২০০৩(অংশ-২)-৭২৯

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ব:
২৪ জুলাই ২০১৯খ্রিঃ

প্রজ্ঞাপন

National Civil Aviation Security Committee (NCASC) এর সুপারিশ মোতাবেক ১২/০২/২০১৫ খ্রিঃ তারিখে গঠিত জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি (National Civil Aviation Security Committee-NCASC) নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি
(National Civil Aviation Security Committee-NCASC)

(ক) কমিটি গঠন:

১. মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,	সভাপতি
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,	সদস্য
৩. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য
৪. সদস্য বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড,	সদস্য
৫. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ,	সদস্য
৬. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,	সদস্য
৭. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়,	সদস্য
৮. সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়,	সদস্য
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:,	সদস্য
১০. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য
১১. পরিচালক (পরিচালন ও পরিকল্পনা), স্বশস্ত্র বাহিনী বিভাগ,	সদস্য
১২. রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়,	সদস্য
১৩. পরিচালক (বহি:স্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা,	সদস্য
১৪. পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর,	সদস্য
১৫. সদস্য (নিরাপত্তা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,	সদস্য-সচিব

(খ) **কমিটির কার্যপরিধি:**

১) বেসামরিক বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা হুমকি মোকাবেলায় কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন, সম্ভাব্য নিরাপত্তা হুমকির বিষয়ে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ/ সুপারিশ প্রদান;

২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ;

৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতি সংশোধন সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন;

(PTO)

৪) বিমানবন্দরের বিদ্যমান নিরাপত্তা সংক্রান্ত সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক উপকরণাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর নির্মাণকালে অবকাঠামোগত নিরাপত্তা সুবিধা প্রবর্তনের বিষয়াদি নিশ্চিতকরণ;

৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ;

৬) বিমান চলাচল নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখার নিমিত্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন এবং সামগ্রিকভাবে বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধিকরণ; এবং

৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কে পি আই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় সাধন এবং সে মোতাবেক পরামর্শ প্রদান।

(গ) এড-হক সদস্য: কমিটির স্থায়ী সদস্য ব্যতিত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত এ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঘ) প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি: কোন নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহ পর্যালোচনা ও এর যথার্থতা যাচাই/ পর্যালোচনার নিমিত্ত প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি গঠন করা যাবে।

(ঙ) সভা আহবান: সভাপতি বছরে ন্যূনতম ২ (দুই) বার সভা আহবান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রোকসিন্দা ফারহানা
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৯৩
E-mail:dsca2@mocat.gov.bd

স্মারক নং-৩০.০০.০০০০.০১৪.০৮.০০৭.২০০৩(অংশ-২)-৭২৯

তারিখঃ ০৯ শ্রাবণ ১৪২৬ব:
২৪ জুলাই ২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৬. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৮. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), মালিবাগ, ঢাকা।
৯. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১০. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
১২. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
১৩. সদস্য (নিরাপত্তা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
১৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১৫. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

১৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ২০০ (দুইশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
১৭. সহকারী প্রোগ্রামার, আইটি সেল, এ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)
১৮. অতিরিক্ত-সচিব (প্রশাসন ও পর্যটন)/(বিমান ও সিএ)(প্রশাসন)/যুগ্ম-সচিব (সিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ মন্ত্রণালয়।

২৪-৭-১৩

রোকসিন্দা ফারহানা
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৯৩
E-mail:dsca2@mocat.gov.bd